যদি সালাত আদায়কারীর সামনে দিয়ে অতিক্রমকারী জানত যে, তা তার জন্য কত পাপ, তাহলে সে সালাত আদায়কারীর সামনে দিয়ে অতিক্রম করার চেয়ে চল্লিশ (দিন/মাস/বছর) দাঁড়িয়ে থাকা উত্তম মনে করত।

আবূ জুহাইম ইবনে হারেস ইবনে সাস্মাহ আল-আনসারী রাদিয়াল্লাহু ‘আনহু হতে মারফু হিসেবে বর্ণিত, “যদি সালাত আদায়কারীর সামনে দিয়ে অতিক্রমকারী জানত যে, তা তার জন্য কত পাপ, তাহলে সে সালাত আদায়কারীর সামনে দিয়ে অতিক্রম করার চেয়ে চল্লিশ (দিন/মাস/বছর)
দাঁড়িয়ে থাকা উত্তম মনে করত।” আবু নাদর বলেন, আমি জানি না যে, তিনি চল্লিশ দিন, নাকি চল্লিশ মাস, নাকি চল্লিশ বছর বললেন। [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

স্বীয় রবের সামনে দাঁড়ানো একজন সালাত আদায়কারী রবের সাথে কথোপকথন করে ও তাকে ডাকে। তাই যখন কোন অতিক্রমকারী তার সামনে দিয়ে অতিক্রম করে সে তার কথোপকথনে বাধা প্রদান করে এবং তার ইবাদতে বিঘ্ন ঘটায়। এ কারণেই যে ব্যক্তি অতিক্রম করে মুসল্লীর সালাতে বিঘ্ন ঘটানোর কারণ হলো তার গুনাহ খুবই মারাত্মক। তাই শরী‘আত প্রণেতা সংবাদ দেন যে, অতিক্রমকারী যদি জানত তার ওপর কি গুনাহ বর্তায়, তাহলে সে মুসল্লীর সামনে দিয়ে অতিক্রম করার পরিবর্তে দীর্ঘ সময় পর্যন্ত নিজ স্থানে দাড়িয়ে থাকাকে প্রাধান্য দিত। যাতে সে গুনাহ থেকে বাঁচতে ও দূরে থাকতে পারে।

http://sunnah.global/hadeeth/bn/show/3097